

১৩টি সরকারি মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা ১৭ই জানুয়ারি

□ ১৪শ' ৫০টি আসনের জন্য প্রার্থী ১৮ হাজারের বেশি
□ মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য ৪০টি আসন সংরক্ষিত

বাংলা বিদ্যায় ১৭ই জানুয়ারি দেশের ১৩টি সরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস ১ম বর্ষ ভর্তি পরীক্ষা হবে। এ ভর্তিযুক্ত ১ হাজার ৪শ' ৫০টি আসনের জন্য সাড়ে ১৮ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে।

পরিচালনার জন্য ১৩টি মেডিক্যাল কলেজে ইতোমধ্যে প্রস্তুতি নেয়া শুরু করেছে। মহাখালী পাহা অধিদপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে।

অধিদপ্তর সূত্রে জানা, ঢাকা মেডিক্যাল কলেজে ৬ হাজার ৭শ' ৬৬টি ভর্তি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে জমা পড়েছে ৫ হাজার ৭শ' ৬৯টি। তার মধ্যে ২ হাজার ৫শ' ৬৩ জন ছাত্রী এবং ৩ হাজার ২শ' ৬ জন ভর্তি ইচ্ছুক ছাত্র ফরম জমা দিয়েছে।

মেডিক্যাল : পৃ: ২ ক: ৫

মেডিক্যাল : ভর্তি (১ম পৃষ্ঠার পর)

সুত্র জানায়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও বঙ্গবন্ধু মেডিক্যাল কলেজে তাদের ভর্তি পরীক্ষা হতে পারে।

সশিমুগ্ধা মেডিক্যাল কলেজে ৫ হাজার ভর্তি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে জমা পড়েছে ৪ হাজারের কিছু বেশি। চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ২ হাজার ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে ১ হাজার ৭শ'টি ফরম জমা পড়েছে, রাজশাহী মেডিক্যাল কলেজে ফরম বিক্রি হয়েছে ১ হাজার ৭শ'টি। এর মধ্যে ১ হাজার ৪শ' ২৫টি জমা পড়েছে। সিলেট মেডিক্যাল কলেজে ৭শ'টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে ৫শ'টি ফরম জমা পড়েছে। ময়মনসিংহ মেডিক্যাল কলেজে বিক্রি হয়েছে ১ হাজার ৪শ'টি ফরম। এর মধ্যে ১ হাজার ১শ'টি ফরম জমা পড়েছে। বুলনা মেডিক্যাল ৮শ'র কিছু বেশি ফরম জমা পড়েছে। অন্য মেডিক্যাল কলেজগুলোর সঠিক তথ্য জানা যায়নি।

সুত্র জানায়, পুরনো ৮টি মেডিক্যাল কলেজে আসন সংখ্যা গড়ে ১শ' ৫০টি। অন্য নতুন ৫টি মেডিক্যাল কলেজে আসন সংখ্যা গড়ে ৫০টি। এছাড়াও ৫০টি আসন বিদেশী ছাত্রদের জন্য সংরক্ষিত, মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য ৪০টি আসন, উপজাতীয়দের জন্য ১৬টি আসন সংরক্ষিত রয়েছে।

মহাখালী পাহা অধিদপ্তরের পরিচালক (এডুকেশন) ডা. ফারুকজামান খান মঙ্গলবার সকালে এ প্রতিবেদনকে জানান, মেডিক্যাল শিক্ষার প্রতি ছাত্রদের অগ্রহ আগের চেয়ে বাড়ছে। এ কারণে ১৩টি মেডিক্যাল কলেজে অতিরিক্ত ফরম বিক্রি ও জমা পড়েছে। পরীক্ষা শান্তিপূর্ণভাবে নেয়ার জন্য প্রস্তুতি চলছে।